



তথ্যবিবরণী

নম্বর-১৯১

বিভাগীয় পর্যায়ে জাতীয় গোল্ডকাপ অনূর্ধ্ব ১৭ বালক-বালিকা ফুটবল টুর্নামেন্টের সমাপনী অনুষ্ঠিত

রাজশাহী; ২৬ মাঘ (০৯ ফেব্রুয়ারি):

আজ (৯ ফেব্রুয়ারি) রবিবার রাজশাহী সরকারি শারীরিক শিক্ষা কলেজ মাঠে বিভাগীয় পর্যায়ে জাতীয় গোল্ডকাপ অনূর্ধ্ব ১৭ বালক-বালিকা ফুটবল টুর্নামেন্টের সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের পরিচালক পারভেজ রায়হান।

তারুণ্যের উৎসব উদযাপন উপলক্ষে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আয়োজনে বিভাগীয় প্রশাসন ও জেলা ক্রীড়া অফিসের বাস্তবায়নে এ ফুটবল টুর্নামেন্টে অনূর্ধ্ব-১৭ বালক-বালিকা গ্রুপে সিটি কর্পোরেশনসহ মোট ১৮ টি দল অংশগ্রহণ করে। বালক গ্রুপে চ্যাম্পিয়ন হয় নাটোর ও রানার আপ হয় সিরাজগঞ্জ জেলা এবং বালিকা গ্রুপে চ্যাম্পিয়ন হয় চাঁপাইনবাবগঞ্জ ও রানার আপ হয় সিরাজগঞ্জ জেলা।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় পারভেজ রায়হান বলেন, সকল দলই ভালো খেলেছে। কিছু কৌশলগত কারণে বালক শাখায় নাটোর এবং বালিকা শাখায় চাঁপাইনবাবগঞ্জ জেলা জয় ছিনিয়ে এনেছে, তাদেরকে অভিনন্দন জানাই। আর যারা পরাজিত হয়েছে তাদেরকেও অভিনন্দন জানাই। কিন্তু এই পরাজয়কে শক্তি করে ভবিষ্যতে যেন তারা আরও ভালো খেলা উপহার দিতে পারে সেই জন্য তাদের আরও কঠোর প্রশিক্ষণের মাধ্যমে প্রস্তুতি গ্রহণ করতে হবে।

তিনি বলেন, এ প্রতিযোগিতার মূল লক্ষ্য ছিল তৃণমূল পর্যায়ে থেকে ভালো খেলোয়াড় খুঁজে বের করা। তাদেরকে দিয়ে জাতীয় পর্যায়ে বিভাগীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ করে রাজশাহী বিভাগের সুনাম অক্ষুণ্ন রাখা।

সামনে এ প্রতিযোগিতা আরও ভালো হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সমাপনী অনুষ্ঠানে জেলা ক্রীড়া অফিসার গৌতম কুমার সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সরকারি শারীরিক শিক্ষা কলেজের অধ্যক্ষ লুবনা ইয়াসমিন। বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, শিক্ষক-শিক্ষার্থী, প্রতিযোগী, সুধিজনসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী চ্যাম্পিয়ন ও রানারআপ উভয় দলের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

.....

তৌহিদ/আতিক/রুহুল/হালিম/২০২৫/১৮:২০ ঘ.